

সংবাদ

বাকুবিতে দারিদ্র্য বিমোচনে আন্তর্জাতিক সেমিনার

জেলা বার্তা পরিবেশক, ময়মনসিংহ

দক্ষিণ ও দক্ষিণ এশিয়ার ছয়টি দেশের ছয়টি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে 'রেনপার' নামক একটি সংগঠনের উদ্যোগে সোমবার ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তিন-দিনব্যাপী দারিদ্র্য বিমোচনের ওপর এক সেমিনারের উদ্বোধন হয়েছে। সেমিনার চলবে ১৫ নভেম্বর পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্রে তিনদিনব্যাপী এই সেমিনারের উদ্বোধন করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। প্রধান অতিথির বক্তব্যে ড. মোঃ ফরাসউদ্দিন বলেন, দারিদ্র্য বিমোচনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাজ্ঞ্যেটদের অবদান আন্তর্জাতিক পরিসরে স্বীকৃত। তাদের কঠোর পরিশ্রমের ফলেই বাংলাদেশ আজ খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। কৃষিতে সরকারের উদ্যোগের সাথে কৃষক, কৃষি বিজ্ঞানী ও কর্মকর্তাদের সক্রিয় অংশ গ্রহণের ফলে দেশে কৃষিতে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। তাই সরকারের উচিত কৃষি বিজ্ঞানীসহ কৃষি কাজে সংশ্লিষ্টদের সরকারী সুযোগ-সুবিধা বৃদ্ধি করা। বাংলাদেশসহ মালয়েশিয়া, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, ভিয়েতনাম ও ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সমন্বয়ে রেনপার নামক এই সংস্থাটি দক্ষিণ ও দক্ষিণ এশিয়ার দারিদ্র্য বিমোচনের শিক্ষা, গবেষণা ও আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করে থাকে। বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এই সংস্থাটির সদস্য। এ পর্যন্ত ছয়টি সেমিনারের আয়োজন করেছে এই সংস্থাটি। এটি সপ্তম সেমিনার। এই সেমিনারের মূল প্রতিপাদ্য হচ্ছে 'দারিদ্র্য বিমোচনে আধুনিক প্রযুক্তি উদ্ভাবনে সুযোগ ও চ্যালেঞ্জ'। অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করেন বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা বাংলাদেশের প্রতিনিধি ড. মাইক রবসন। উক্ত সেমিনারের আয়োজক কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. আফজাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফে: ড. আলী আকবর বিশেষ অতিথি হিসেবে বক্তব্য উপস্থাপন করেন মালয়েশিয়ার কালাঙ্গা বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য প্রফেসর ডেটো ড. ইব্রাহিম বিন চে ওমর, এছাড়াও বক্তব্য রাখেন রেনপার এর পরিচালক ড. আলমগীর হোসন ও ড. সোলায়মান। তিন দিনব্যাপী এই সেমিনারে দক্ষিণ এশিয়ার দেশগুলো বিশেষ করে বাংলাদেশের দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা ও সুপারিশ পাওয়া যাবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা। সেমিনারে ৩৩ জন বিদেশি গবেষকসহ ২০০ জন বিজ্ঞানী ও গবেষক উপস্থিত থাকবেন। সেমিনারের মূল প্রবন্ধ ছাড়াও ৬টি সেশনে ১৪১টি বৈজ্ঞানিক প্রবন্ধ উপস্থাপিত হবে। তার মধ্যে ৮৮টি মৌখিক ও ৫৩টি পোস্টার। সেমিনারের পাশপাশি বাকুবির প্রশাসনিক ভবনের নীচের করিডোরে তিনব্যাপী চলবে কৃষি প্রযুক্তি মেলা। সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠান শেষে এই মেলায়ও উদ্বোধন করেন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। তিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলায় বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন গবেষণা ইনস্টিটিউট ও এনজিওর ২১টি স্টল অংশ গ্রহণ করেছে।